# ৬ষ্ঠ উপজেলা পরিষদের মে-২০২৫ খ্রি: মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মাখন চন্দ্র সূত্রধর
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।

তারিখ : ২১ মে ২০২৫

সময় : বেলা ১২.৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নাম ও পদবি :- পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি পরিষদের সভায় সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে অদ্যকার সভার কাজ পরিচালনা করেন।

০২। অত:পর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। অতএব আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

০৩। সভায় সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.০১ | কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ জানান, আউশ আবাদ চলমান রয়েছে। কোথাও কোন প্রকার সঙ্কট নেই। | কৃষিক্ষেত্রে সার্বিক তদারকি নিশ্চিত, প্রান্তিক ও গরীব কৃষকরা যাতে প্রণোদনা পায় এবং বোরো ধান যাতে কৃষকরা যথাযথভাবে সংগ্রহ করতে পারে সে বিষয়ে লক্ষ্য রাখতে উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি, কমলগঞ্জ জানান, ২০২৪-২৫ অর্থবছরের এডিপি'র প্রস্তাবিত প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করা হয়েছে। পিইডিপি-৪ এর আওতায় ২৩টি স:প্রা:বি: অতি: শ্রেনীকক্ষ নির্মাণ কাজ অনুমোদিত হয়েছে। তন্মধ্যে কার্যাদেশভুক্ত ২২টি বিদ্যালয়ের কাজ ১০০% সমাপ্ত। ১টির কাজ চলমান । গড় অগ্রগতি ৯৯%। উক্ত প্রকল্প হতে ৩৬টি বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মান কাজ অনুমোদিত হয় তন্মধ্যে ৩৫টি ১০০% সমাপ্ত। গড় অগ্রগতি ৯৬%। উক্ত প্রকল্প হতে অনুমোদনপ্রাপ্ত আরও ১টি বাউন্ডারী ওয়াল ও গেট নির্মান সহ উপজেলা রিসোর্স সেন্টার মেরামত কাজ ১০০% সমাপ্ত হয়েছে। উক্ত প্রকল্প হতে ২টি পর্যায়ে ৫টি বিদ্যালয়ের বড় ধরনের মেরামত কাজ ১০০% সমাপ্ত হয়। ১৩টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের জন্য আলাদা শ্রেনীকক্ষ নির্মান কাজের নাম অনুমোদিত হয়েছে। তন্মধ্যে শংকরপুর ও শমসেরনগর জিপিএস এর প্রধান শিক্ষকের জন্য কক্ষ নির্মান কাজ ১০০% সমাপ্ত। আরও ৫টি জিপিএস এর প্রধান শিক্ষকের জন্য কক্ষ নির্মান কাজের গড় অগ্রগতি ৭৫%। চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৩ টি সরকারি বিদ্যালয়ে শ্রেনীকক্ষ নির্মাণ কাজ ১০০% সমাপ্ত হয়েছে। কাজের গড় অগ্রগতি ১০০%। মুন্সীবাজার স:প্রা:বি অতিরিক্ত শ্রেনীকক্ষ নির্মান, ইসলামপুর ও রামপুর স:প্রা:বি: অতিরিক্ত শ্রেনীকক্ষ নির্মান কাজ চলমান । ৩টিতে গড় অগ্রগতি ৯২%। ২নং ভানুবিল সপ্রাবি বাউন্ডারী ওয়াল নির্মান কাজের অগ্রগতি ১০০%। চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৩টি বিদ্যালয়ে শ্রেনীকক্ষ নির্মাণ কাজ সমাপ্ত। আইআরআইডিপি-৩ এর আওতায় ১১টি রাস্তা উন্নয়ন কাজ ১০০% সমাপ্ত। ২টি রাস্তা মেরামত কাজের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। আইআরআইডিপি-৪ এর আওতায় আরও ২২টি রাস্তা উন্নয়ন ও ১টি বক্স কালভার্ট নির্মান কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সিলেট বিভাগের গুরুত্বপূর্ণ গ্রামীন অবকাঠামো উন্নয়ন | বিভাগীয় কার্যক্রম চলমান রাখার পাশাপাশি প্রাক্কলন অনুযায়ী সঠিকভাবে প্রকল্পসমূহ বাস্তবায়ন হয় সেজন্য তদারকি নিশ্চিত করা ও বার্ষিক উন্নয়ন কর্মসূচির টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জ। |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | প্রকল্পের আওতায় ৩৫টির প্রকল্পের মধ্যে ৩৪টি সমাপ্ত, ১টি ব্রীজ নির্মান সহ ১টি রাস্তা উন্নয়ন কাজ চলমান, গড় অগ্রগতি ৯৮.০৫%, অতিরিক্ত ৩টি নতুন রাস্তার প্রাক্কলন অগ্রগামী করা হয়েছে। ২০২১-২২ অর্থবৎসরে জিওবি অর্থায়নে গ্রামীন "সড়ক, সেতু ও কালভার্ট মেরামত/সংরক্ষন কর্মসূচী" এর আওতায় ১১টি প্রকল্পের কাজ ১০০% ও ২০২২-২৩ অর্থবৎসরে ৯টি প্রকল্পের কাজ ১০০%। ২০২৩-২৪ অর্থবৎসরে রাস্তার মেরামত কাজ ১০০% সমাপ্ত। ২০২৪-২৫ অর্থবৎসরে ১১টি রাস্তা জরুরী মেরামত কাজের মধ্যে ৯টি ১০০% সমাপ্ত, ২টির কাজ চলমান। গড় অগ্রগতি ৯২%। সিলেট বিভাগ গ্রামীণ এ্যাকসেস সড়ক উন্নয়ন (RARIP) প্রকল্পের আওতায় ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরে ৬টি উন্নয়ন কাজের মধ্যে ৪টি রাস্তা ১০০% সমাপ্ত, ১টি রাস্তা উন্নয়ন কাজ বাতিল হয়েছে এবং ১টি ব্রীজ নির্মান কাজ সমাপ্ত হয়েছে। "সারাদেশে পুকুর ও খাল উন্নয়ন প্রকল্প (IPCP)" এর আওতায় সর্বমোট ০৬টি পুকুর ঘাটলা নির্মান কাজ সমাপ্ত। তাছাড়া নতুন ১টি খাল খনন কাজ ১০০% সমাপ্ত হয়েছে। Program for Supporting Rural Bridge(SuRBP) এর আওতায় ৫টি ব্রীজের ক্ষুদ্র মেরামত কাজের অগ্রগতি ১০০%। তাছাড়া উক্ত প্রকল্পের আওতায় ১০টি ব্রীজের বৃহৎ মেরামতের কাজ ১০০% সমাপ্ত হয়েছে। ২টি গার্ডার ব্রীজ নির্মান ও ১টি আরসিসি বক্স কালভার্ট নির্মান কাজ সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। "ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)" এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে কুরমাছড়া পাবসস এর অধীন ডালুয়াছড়া ডব্লিউআরএস নির্মান সহ সংশ্লিষ্ট খাল খনন কাজ চলমান আছে। তাছাড়া লাঘাটাছড়া পাবসস এর অধীন দেওড়াছড়া ডব্লিউআরএস সহ ফ্ল্যাগশিপ নির্মান ও সংশ্লিষ্ট খাল খনন কাজ চলমান আছে। গড় অগ্রগতি ৯৩%। "ঘূর্নিঝড় আম্পান ও বন্যায় ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক অবকাঠামো পুনর্বাসন" প্রকল্পের আওতায় ৩টি প্যাকেজে (২+২+১)= ৫টি রাস্তা পুনর্বাসন কাজ সমাপ্ত। ১টি ব্রীজ নির্মান কাজের সয়েল টেষ্ট সম্পন্ন ও ১টি রাস্তা পুনর্বাসন কাজের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২৪টি প্রকল্পের মধ্যে ২৪টির কাজ সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। তাছাড়া উক্ত প্রকল্পের ২য় পর্যায়ের ১০টি প্রকল্পের স্কীম ১০০% সমাপ্ত হয়েছে। তাছাড়া উক্ত প্রকল্পের ৩য় পর্যায়ের আওতায় ৬৩টির স্কীমের প্রস্তাব অগ্রগামী করা হয়েছে। নতুন ১টি কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। কাজের অগ্রগতি ৮০%। হাওর অঞ্চলে ডুবো সড়ক নির্মান প্রকল্পের আওতায় ১৪টি রাস্তা উন্নয়নে ২৫ কোটি তিপ্পান্ন লক্ষ টাকার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। "আমার গ্রাম আমার শহর কারিগরী সহায়তা প্রকল্প" এর আওতায় হাওর অঞ্চলের সড়ক সংযোগবিহীন ৯টি ইউনিয়নের ৫৭টি গ্রামের নামের তালিকা প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। 'গুরুত্বপূর্ন গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প: মৌলভীবাজার জেলা' শীর্ষক প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৯৯৭২.৭০ লক্ষ টাকার রাস্তা/ব্রীজ নির্মান ও মেরামত কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ডিপিপিভুক্ত হয়েছে। 'উপজেলা ইউনিয়ন ও গ্রাম সড়কে অনুর্ধ ১০০মি: দীর্ঘ ব্রীজ নির্মান শীর্ষক' প্রকল্প এর আওতায় ডিপিপি প্রনয়নের লক্ষ্যে অগ্রাধিকার ক্রমানুসারে ১৩টি ব্রীজের তালিকা ছকসহ এ্যাপ্রাইজাল ফরমেট অগ্রগামী করা হয়েছে। "কোর রোড নেটওয়ার্ক " এর আওতায় অত্র উপজেলার ৭টি রাস্তা সমন্বয়ে একটি কোর রোড উন্নয়ন কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। 2022-23 FY Component-Wise Flood Damage Assessment of Rural infrastructure এর আওতায় ২০টি রাস্তা ডিপিপিভুক্ত হয়েছে। ২টি রাস্তার সমন্বয়ে ১টি প্যাকেজ কাজ চলমান। গড় অগ্রগতি ৮৭%। উক্ত প্রকল্পে নতুন ৫টি ব্রীজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। শীঘ্রই কাজ শুরু হবে। উপজেলা কমপ্লেক্সে অবস্থিত উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মান কাজ চলমান আছে। অগ্রগতি ৭৫%। উপজেলা প্রশাসনিক ভবনের ৪র্থ তলার উপরে ৫ম তলায় ডি-সেট সেন্টার নির্মান কাজ চলমান। কাজের অগ্রগতি ৮৫%। | | |
| ৩.০৩ | দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ সভাকে জানান, দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) ৩য় পর্যায় কর্মসূচির আওতায় এ উপজেলার সকল ইউনিয়ে কাজ চলমান রয়েছে, যা দ্রুততম সময়ের মধ্যে সমাপ্ত করতে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/পিআইসি সভাপতিগণকে অনুরোধ করা হয়। | বিভাগীয় কার্যক্রমের পাশাপাশি কাবিখা-কাবিটা খাতের বরাদ্দের সুষ্ঠু বন্টন ও বর্ষার আগে মাটির কাজ সঠিক তদারকির মাধ্যমে সম্পন্ন করতে উপজেলা প্রকল্প | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| [illegible] | | তাছাড়া আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে প্রাপ্ত ভিজিএফ ইউনিয়নওয়ারী বন্টন করা হয়, যা তালিকা প্রনয়নপূর্বক জরুরি ভিত্তিতে বিতরণ করতে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। তাছাড়া ইউনিয়নওয়ারী নিয়োজিত তদারকি কর্মকর্তাগণকে প্রয়োজনীয় সহযোগিতা করতে অনুরোধ করা হয়। | বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | |
| ৩.০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, হাসপাতাল বহি:বিভাগ, অন্ত:বিভাগ এবং মাঠ পর্যায়ে স্বাস্থ্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এপ্রিল/২০২৫ খ্রিঃ মাসের পারফর্মেন্স:<br>ক) নিরাপদ ডেলিভারীর সংখ্যা------------------------ ৪৭ জন।<br>খ) অন্ত:বিভাগে মোট ভর্তিকৃত রোগীর সংখ্যা----------- ৯৫০ জন<br>গ) জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা--------- ১৩৭৬ জন।<br>ঘ) বহি:বিভাগে মোট ভর্তিকৃত রোগীর সংখ্যা----------- ২৪২০ জন<br>ঙ) ই.পি.আই কভারেজ মার্চ/২৫ খ্রিঃ মাসে ৮%।<br>এছাড়া চক্ষু রোগিদের জন্য বিনামূল্যে চক্ষুসেবা চলমান রয়েছে। কিশোর-কিশোরীদের জন্য স্বাস্থ্য সেবা চলমান। টেলিমেডিসিন স্বাস্থ্য সেবা চলমান। উপজেলা পর্যায়ে পাবলিক পরীক্ষা ও বিভিন্ন সরকারি অনুষ্ঠানে মেডিকেল টীম কার্যক্রম চলমান। মাঠ পর্যায়ে জরুরি স্বাস্থ্য সমস্যা মোকাবেলার জন্য ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য সেবা কার্যক্রম চলমান আছে। সুপারভিশন ও মনিটরিং কার্যক্রম জোরদার করা হইয়াছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা, রোগিদের যাতে ভোগান্তি না হয় সে জন্য হাসপাতালে সার্বক্ষনিক ডাক্তার উপস্থিতি নিশ্চিত করা, জরুরি সেবায় এ্যাম্বুলেন্স সার্বক্ষণিক উপস্থিত থাকার পাশাপাশি নিরবিচ্ছিন্ন সেবা প্রদান করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| [illegible] | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে জানা যায়, এপ্রিল/২০২৫ খ্রিঃ মাসের অগ্রগতি প্রতিবেদন পেশ করেন। তিনি বলেন, স্থায়ী পদ্ধতিঃ ১০ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতিঃ আইইউডি= ২৮ জন, ইমপ্লান্ট= ৬৬ জন। অস্থায়ী পদ্ধতিঃ খাবার বড়ি= ৯৯ জন, ইনজেকটেবলস= ৭১ জন, কনডম= ৭১ জন, সাধারন রোগি = ৬৫৩ জন। সিএআর- ৬৮.১০%। তিনি আরও জানান, আলীনগর, রহিমপুর ও আদমপুর ইউনিয়নের কমিউনিটি ক্লিনিকে ঔষধের ঘাটতি রয়েছে। ঘাটতি পুরণে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর আবেদন জানানো হয়েছে। | স্বাস্থ্যকেন্দ্র ও সাব স্বাস্থ্যকেন্দ্রগুলোতে মনিটরিং কার্যক্রম গ্রহণ করত: ঔষধের ঘাটতি পূরণে পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। তিনি আরও বলেন যাদের পরিবারে ৩-৫ টা গরু আছে তাদের গোবর দিয়ে বায়োগ্যাসের চুলা জ্বালাতে প্রশিক্ষণ দেওয়া হবে। | বিধি মোতাবেক ঋণ প্রদান ও কিস্তি আদায় সুষ্ঠুভাবে পরিচালনা নিশ্চিত করতে এবং সার্বিক কার্যক্রম সভায় তুলে ধরতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |
| | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জ জানান, ওএমএস টিসিবি : অত্র কমলগঞ্জ উপজেলায় ০৯টি ইউনিয়ন কমলগঞ্জ পৌরসভা ওএমএস টিসিবি মাধ্যমে ৪০২৯ জন প্রতি ৫ কেজি করে ৩০/- টাকা দরে চাল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে এবং কমলগঞ্জ পৌরসভা ওএমএস কার্যক্রম বর্তমানে ০২টি কেন্দ্রে ৫ কেজি করে ৩০/- টাকা দরে ওএমএস কার্যক্রম চলমান রয়েছে। ওএমএস টিসিবি খাতে এপ্রিল/২৫ খ্রি: মাসে ৫ কেজির পরিবর্তে ১০ কেজি করে চাল বিতরণের নির্দেশনা পাওয়া যায়। কিন্তু খাদ্য মন্ত্রণালয় থেকে ১০ কেজি করে চাল বিতরণের নির্দেশনা না থাকায় এপ্রিল/২০২৫ খ্রি: মাসের ওএমএস টিসিবি খাতে চাল উত্তোলন করা সম্ভব হয় নি। কিন্তু পরবর্তীতে নির্দেশনা আসে মে/২০২৫ খ্রি: ও জুন/২৫ খ্রি: মাসে ওমেএস টিসিবি সমন্বয় করার জন্য। খাদ্যবান্ধব কর্মসূচি অনুযায়ী অত্র কমলগঞ্জ উপজেলায় ০৯টি ইউনিয়নে ৫৩৩৩ টি কার্ডের মাধ্যমে উপকার ভোগীর মধ্যে জন প্রতি ৩০ কেজি করে চাল বিতরণ করা হয়েছে। | ওএমএস টিসিবি ও খাদ্যবান্ধব কর্মসূচি সুশৃঙ্খলভাবে সম্পন্ন করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে ও বিগত তালিকাগুলো সংশোধন এবং যাচাই বাছাই করে নতুন উপকারভোগী গ্রহণ করতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জকে অনুরোধ করা হল। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জ। |

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩.০৮</td><td>প্রাথমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ জানান, ৭৪টি বিদ্যালয়ে ল্যাপটপ ও ৭৫টি বিদ্যালয়ে মাল্টিমিডিয়া প্রজেক্টর বিতরণ করা হয়। ১ম প্রান্তিক মূল্যায়ন পরীক্ষা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে আগামী ০১/০৬/২০২৫ খ্রি. তারিখে ফলাফল প্রকাশ করা হবে। তিনি আরও জানান, প্রতিটি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া আসন্ন বন্যায় সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোকে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহার করা যাবে মর্মে জানান।</td><td>সুষ্ঠু কার্যক্রম গ্রহণের পাশাপাশি সার্বিক বিষয়ে তদারকি নিশ্চিত করতে ও সহকারী শিক্ষা অফিসারের শুন্যপদ পূরণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.০৯</td><td>মাধ্যমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। সভাপতি, উপজেলা পরিষদ সভা, কমলগঞ্জ জানান, মাসভিত্তিক মাধ্যমিক শিক্ষা বিভাগের দাপ্তরিক কার্যক্রম সভায় অবহিত করতে আগামী মাসের পরিষদ সভায় তথ্য-উপাত্তসহ কার্যপত্র দাখিলের জন্য বলেন।</td><td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও মাধ্যমিক বিদ্যালয়গুলোর জন্য প্রাপ্ত বইগুলো সঠিকভাবে বন্টন এবং তদারকি নিশ্চিত করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১০</td><td>উপজেলা মৎস্য বিভাগ</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ জানান, ২৫ জন মৎস্য চাষিকে মাছ চাষের পরামর্শ প্রদান করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করা ও সুষ্ঠুভাবে পরিচালনা করতে এবং ধলাই নদীতে কে বা কারা বিষ প্রয়োগ করে সে বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১১</td><td>পল্লী উন্নয়ন বোর্ড</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন,
<table>
<tr><th>ক্র. নং</th><th>কার্যক্রম</th><th>মাসে</th><th>বছরে</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>১</td><td>সদস্য ভর্তি</td><td>০</td><td>০</td><td>৭০৪৯ জন</td></tr>
<tr><td>২</td><td>দল/সমিতি গঠণ</td><td>০</td><td>০</td><td>২৯০টি</td></tr>
<tr><td>৩</td><td>প্রশিক্ষণ প্রদান</td><td>০</td><td>০</td><td>১২০০ জন</td></tr>
<tr><td>৪</td><td>প্রদর্শণী প্লট স্থাপন</td><td>০</td><td>০</td><td>৩০ টি</td></tr>
<tr><td>৫</td><td>বীজ ও চারা বিতরণ</td><td>০</td><td>০</td><td>২৪৪ জন</td></tr>
<tr><td>৬</td><td>সঞ্চয় আমানত সংগ্রহ</td><td>১০০০/-</td><td>১,৩১,০০০/-</td><td>৩৬,৪৯,০০০/-</td></tr>
<tr><td>৭</td><td>শেয়ার আমানত সংগ্রহ</td><td>০</td><td>৪,০০০/-</td><td>৭,৭৭,০০০/-</td></tr>
<tr><td>৮</td><td>ঋণ বিতরণ</td><td>০</td><td>১৩,০৫,০০০/-</td><td>৬,৬৬,১৬,০০০/</td></tr>
<tr><td>৯</td><td>ঋণ আদায়</td><td>১,০০,০০০/-</td><td>১১,১৫,০০০/-</td><td>৫,৬৪,৮০,০০০/</td></tr>
<tr><td>১০</td><td>কোভিড-১৯ প্রনোদনা ঋণ বিতরণ</td><td>০</td><td>১০,৬০,০০০/-</td><td>৮৯,৭০,০০০/-</td></tr>
</table></td><td>বিধি মোতাবেক বিভাগীয় ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১২</td><td>সমবায় বিভাগ</td><td>সভায় উপজেলা সমবায় অফিসার, কমলগঞ্জ জানান, অডিট যোগ্য সমিতি সংক্রান্ত তথ্য
<table>
<tr><th>অডিট যোগ্য সমিতি (বিভাগীয় প্রাথমিক)</th><th>এপ্রিল/২০২৫ খ্রি. পর্যন্ত অডিট সম্পাদন(বিভাগীয় প্রাথমিক)</th><th>অডিট যোগ্য সমিতি (কেন্দ্রীয়)</th><th>এপ্রিল/২০২৫খ্রি. পর্যন্ত অডিট সম্পাদন (কেন্দ্রীয়)</th><th>এপ্রিল/২০২৫খ্রি. পর্যন্ত সর্বমোট অডিট সম্পাদন (বিভাগীয় কেন্দ্রীয় ও প্রাথমিক)</th></tr>
<tr><td>১১০টি</td><td>১১০টি</td><td>০২টি</td><td>০২টি</td><td>১১০টি</td></tr>
</table>
অডিট সেস (সরকারী রাজস্ব) আদায় সংক্রান্ত তথ্য
<table>
<tr><th>এপ্রিল/২০২৫খ্রি. পর্যন্ত ধার্যকৃত অডিট সেস</th><th>সরকারী কোষাগারে জমা</th><th>ধার্যকৃত অডিট সেস (কেন্দ্রীয়)</th><th>সরকারী কোষাগারে জমা</th></tr>
<tr><td>৬০০৭০/-</td><td>৬০০৭০/-</td><td>------</td><td>৬০০৭০/-</td></tr>
</table></td><td>বিধি মোতাবেক বিভাগের কার্যক্রম ত্বরান্বিত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা</td></tr>
</table>

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ১। সাধারণ :<br>(ক) সমিতির সংখ্যা ঃ ২৬৪ টি। (কার্যকর ১৩০টি, অকার্যকর ১৩৪টি)<br>(খ) সদস্য সংখ্যা ঃ ১৩,২১৭জন।<br>(গ) পরিশোধিত শেয়ার মূলধন ঃ ১৭.০৪ লক্ষ।<br>(ঘ) আদায়কৃত সঞ্চয় আমানত ঃ ৬৬.৮৮ লক্ষ।<br>২। আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্প<br>দিশারী আশ্রয়ণ প্রকল্পে নিবন্ধিত সমবায় সমিতির ২৫ জন পুরুষ ও ০৫ জন মহিলা সদস্য কে বিগত ৩১/০৮/২০১৫খ্রি. তারিখে গরু মোটাতাজাকরন ট্রেডে ১৫,০০০/-টাকা করে মোট ৪,৫০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়। যা আদায়ের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দিশারী আশ্রয়ণ প্রকল্পে ২য় দফায় নিবন্ধিত সমবায় সমিতির ২০ জন পুরুষ ও ১০ জন মহিলা সদস্য কে বিগত ১৫/১২/২০১৫খ্রি. তারিখে গরু মোটাতাজাকরন ট্রেডে ১৫,০০০/-টাকা করে মোট ৪,৫০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়। যা এক বছর পর এককালীন আদায়যোগ্য। আশ্রয়ন প্রকল্পে সর্বমোট ঋণ বিতরন করা হয় ৯,০০,০০০/-টাকা অদ্য এপ্রিল/২০২৫খ্রি. তারিখ পর্যন্ত আসল আদায় ৫,৪৫,০৮৪/-টাকা, সার্ভিস চার্জ আদায় ৪৩৬০৭/-টাকা, সর্বমোট ৫,৮৮,৬৯১/-টাকা আদায় করা হয়েছে। আদায়ের পরিমান ৬১%। আশ্রয়ন প্রকল্পে ২০ জন সদস্য তাদের ঋণের টাকা (১০০%) পরিশোধ করেছেন। অনাদায়ী ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে। | | |
| ৩.১৩ | প্রাণিসম্পদ বিভাগ | সভায় উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, তাঁর কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম ত্বরান্বিত করা ও ২০২৪-২৫ অর্থবছরে ক্ষুদ্র নৃ-গোষ্ঠির প্রকল্পের ষাঁড়/বকনা ও হাঁস-মুরগির বরাদ্দের নীতিমালা অনুযায়ী সুষ্ঠ বন্টন নিশ্চিত করতে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কমলগঞ্জকে অনুররোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.১৪ | বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ জানান, এপ্রিল-২০২৫ মাসে ০২ টি অভিযান পরিচালিত হয়। অভিযানে রাতা, আকাশমনি ও মেহগিনি গোল ১৭ টুকরা ৪৭.১৮ ঘনফুট মালামাল (সম্ভাব্য মূল্য-৮,০০০/- আট হাজার টাকা) এবং ০১ জন ব্যক্তি আটক করা হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। টহল জোরদার করা হয়েছে। | অবৈধ গাছ ও বাঁশ কাটার বিরুদ্ধে বন বিভাগের কার্যক্রম অব্যাহত রাখতে রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | ক) রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ<br>খ) চেয়ারম্যন, সকল ইউপি। |
| ৩.১৫ | সমাজসেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি, কমলগঞ্জ জানান, আর.এস.এস.সুদমুক্ত ঋণ বিনিয়োগ আদায় = ৭০,৪৫০/- ,পুন:নিয়োগ=১,৩৭৫৫০/-, মাতৃকেন্দ্র ঋণ বিনিয়োগ আদায়= ১,৫১,৪১০/-, সুবর্ন নাগরিক কার্ড বিতরণ = ২০ জন। প্রতারক চক্র বিভিন্ন প্রকার ভাতাভোগীদের ফোন দিয়ে মোবাইলের পিন নাম্বার জানতে চায় ও তাদের কে বিভিন্ন প্রলোভন দেখিয়ে সহজ সরল মানুষের কাছ থেকে পিন নাম্বার নিয়ে নেয়। এ ব্যাপারে মানুষকে সচেতন করা প্রয়োজন। ২০২৪-২৫ অর্থ বছরের চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির তালিকা বিভিন্ন চা বাগান থেকে এসেছে। বয়স্ক ভাতা, বিধবা/স্বামী পরিত্যাক্তা মহিলা ভাতা ও প্রতিবন্ধী ভাতার কাজ চলমান রয়েছে। | আলোচ্য বিষয়ে সঠিক উপকারভোগীদের সেবা নিশ্চিতে তদারকি ও প্রচারের মাধ্যমে ভাতাভোগীদের প্রতারক চক্র থেকে সচেতন থাকা ও ভাতার তালিকা যাচাই বাছাই করে সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.১৬ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভালনারেবল উইমেন বেনেফিট (ভিউবিউবি) কার্যক্রম এর ২০২৫-২৬ চক্র বাস্তবায়নে ইউনিয়নওয়ারী বিদ্যমান কার্ড সংখ্যা অনুযায়ী উপকারভোগী নির্বাচনের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ ও যাচাই-বাছাই প্রক্রিয়া চলমান। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশ | আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও | উপজেলা মহিলা |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | মোতাবেক ২০২৩-২৪ চক্রের মেয়াদ জুন/২৫ পর্যন্ত আরো ০৬ মাস বৃদ্ধি করে খাদ্যের বরাদ্দ প্রদান করায় জানুয়ারি/২০২৫ মাস হতে মে/২০২৫ মাস পর্যন্ত সময়ের চালের ডিও জারী করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৪-২৫ অর্থবছরে পৌরসভায় ০৯ জন করে (প্রতি ওয়ার্ডে ০১ জন ) এবং প্রতিটি ইউনিয়নে ০৯ জন করে মার্চ/২০২৫ মাসের উপকারভোগী নির্বাচন সম্পন্ন হয়েছে। অধিদডপ্তরের নির্দেশনা অনুযায়ি এপ্রিল/২০২৫ হতে জুন/২০২৫ পর্যন্ত সময়ের উপকারভোগী নির্বচান মে/২০২৫ মাসের মধ্যে আবশ্যিকভাবে সম্পন্ন করার নিমিত্ত পৌরসভা এবং ইউনিয়ন পরিষদের আইডি,র মাধ্যমে উপকারভোগীদের অনলাইন ভিত্তিক আবেদন গ্রহণ করতঃ ২৫/০৫/২০২৫ তারিখের মধ্যে উপজেলায় প্রেরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক বিশেষভাবে অনুরোধ করা হয়েছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্পের আওতায় উপজেলাধীন ১০টি ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। ২২/০৪/২০২৫ খ্রিঃ তারিখ হতে ১৯/০৫/২০২৫ তারিখ পর্যন্ত উপজেলা কমিটিতে নারী নির্যাতন ও বাল্যবিবাহ সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া যায় নি। বিডব্লিউবি এর অনলাইন কার্যক্রম চলছে। নীতিমালা অনুযায়ী বাছাই করে তালিকা চূড়ান্ত করা হবে। এছাড়া ভিজিএফ বন্ধ থাকায় গত ৫ মাসের চাল একসাথে ১৫০ কেজি করে দেওয়া হবে মর্মে সভায় জানান। | সুষ্ঠু তদারকি নিশ্চিত করতে এবং তালিকা যাচাই বাছাই করে সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.১৭ | জনস্বাস্থ্য বিভাগ | সভায় উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কমলগঞ্জ জানান, বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পূর্ণ-নির্মাণের জরুরি সহায়তা শীর্ষক প্রকল্প এর আওতায় ৪০টি গভীর নলকূপ এবং ০২টি পাবলিক টয়লেটের বরাদ্দ রয়েছে। বরাদ্দকৃত পানির উৎসের স্থান মুখবন্ধ অনুযায়ী তালিকাকরণ করা হয়েছে এবং দুইটি পাবলিক টয়লেটের স্থান যথাক্রমে ক) হালিমা বাজার যাত্রী ছাউনি খ) আহমেদনগর দাখিল মাদ্রাসা, পতনউষার বাছাইপূর্বক তালিকাভূক্তকরণ করা হয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের গভীর নলকূপের স্থাপনের কাজ চলমান রয়েছে এবং রহিমপুর ইউনিয়নে সিদ্ধেশ্বরপুর গ্রামে " রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কীম" (পরীক্ষামূলক নলকূপ, উৎপাদক নলকূপ, পাম্প হাইজ, ওভার হেড ওয়াটার ট্যাংক ও অন্যান্য কাজসহ) পরীক্ষামূলক নলকূপ এর কাজ চলমান রয়েছে। বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয় ওয়াশব্লক নির্মাণ এবং নিরাপদ পানির উৎস স্থাপন কাজ চলমান রয়েছে। বি.এম.ডব্লিউ.এস.এস.পি প্রকল্পের আওতায় কমলগঞ্জ পৌরসভায় বিভিন্ন ওয়ার্ডে হাউজহোল্ড টয়লেট নির্মাণ কাজ চলমান রয়েছে। একই সাথে স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করণে ভানুগাছ রেল স্টেচশন সংলগ্ন এবং উপজেলা হাসপাতাল কমপ্লেক্স এর অভ্যন্তরে ০২ টি পাবলিক টয়লেট নির্মাণে পৌরসভা কর্তৃক গৃহিত হয়। তিনি আরও জানান আসন্ন বন্যায় পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট পর্যাপ্ত রয়েছে। এছাড়া বন্যায় আক্রান্ত এলাকায় বিশুদ্ধ পানির ব্যবস্থা রাখা হয়েছে। দলই চা বাগানে অবস্থিত বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্মৃতিসৌধে আগত পর্যটকদের ব্যবহারের জন্য ওয়াশব্লক মেরামত করা প্রয়োজন মর্মে সভায় জানান। | আলোচ্য বিষয়সমূহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও তদারকি নিশ্চিতকরণ এবং ২০২৪-২৫ অর্থবছরের বরাদ্দকৃত গভীর নলকূপের তালিকা প্রাপ্তি সাপেক্ষে দ্রুত কাজ শুরু করতে উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কমলগঞ্জ। |
| ৩.১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জ সভাকে জানান, এপ্রিল/২০২৫ খ্রিঃ মাসের নতুন সংযোগ- ১৭৬ টি, পুনঃ সুযোগ- ১৬০ টি, অভিযোগ গ্রহণ/নিরসন- ৭৯৫ টি, বিতরণ লাইন রক্ষণাবেক্ষণ (কিঃমিঃ)- ১৯৭ কিঃ মিঃ। এপ্রিল/২০২৫ খ্রিঃ মাসে ০২ টি ট্রান্সফরমার নতুন স্থাপন এবং ০১ টি ট্রান্সফরমার আপগ্রেড করা হয়েছে। মানসম্মত বিদ্যুৎ সরবরাহের স্বার্থে এলটি লাইনকে এইচটি লাইনে রুপান্তর এবং অনেক পুরাতন এইচটি লাইনকে আপগ্রেড করার কাজ চলমান রয়েছে। অত্র জোনাল অফিসের আওতাধীন সকল বৈদ্যুতিক লাইনে রক্ষণাবেক্ষণ কাজ ও লাইন সংলগ্ন গাছের ডালপালা ছাটাইয়ের কাজ চলমান | আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক গ্রাহক সেবা নিশ্চিত করতে, ট্রান্সমিটার চুরি প্রতিরোধে ও বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হতে গ্রাহকদের সচেতনতার | ডিজিএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, কমলগঞ্জ |

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>রয়েছে। এমতাবস্থায় কোন কোন এলাকায় বিদ্যুৎ বন্ধ থাকতে পারে। পল্লী বিদ্যুতায়ন কাজে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য। এছাড়া অত্র অফিসের আওতাভূক্ত বিভিন্ন গ্রামে বিতরণ লাইন থেকে ট্রান্সফরমার চুরির প্রবণতা বৃদ্ধি পেয়েছে। উক্ত চুরি রোধকল্পে আইন শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা এবং গ্রাহক সস্যবৃন্দের সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধে বিভিন্ন প্রতিষ্ঠানসহ সকলের সহযোগিতা কামনা করেন। আমরা সব সময় নির্ভরযোগ্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করে গ্রাহকের সন্তুষ্টি অর্জন করতে চাই। এ লক্ষ্যে আমরা অঙ্গীকারবদ্ধ। এ বিষয়ে সরকার প্রধান বিবৃতি প্রদান করেছেন। আমারে বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী/কৃচ্ছ্রতা সাধনের জন্য অনুরোধ করেছেন। বিদ্যুৎ পরিস্থিতির বিবেচনায় আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি। দিনের আলোতে অফিসের কাজ-কর্ম ও দোকান-পাঠ/সামাজিক অনুষ্ঠান সম্পন্ন করণসহ বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হতে অনুরোধ করা হলো। সভাপতি, উপজেলা পরিষদ,কমলগঞ্জ জানান, বিগত মেয়রের সময়ে কমলগঞ্জ পৌরসভার প্রায় ১৪ লক্ষ টাকা বিদ্যুৎ বিল বকেয়া ছিল। এ বিষয়ে পল্লী বিদ্যুৎ বিভাগ গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিলে এত বকেয়া থাকত না মর্মে সভায় জানান। পৌরসভার বকেয়া মাসভিত্তিক পরিশোধ করা হবে মর্মে সভায় জানান। ডিজিএম,পল্লী বিদ্যুৎ বলেন, ঝড়-বৃষ্টিতে বিদ্যুৎ লাইন ছিড়ে ০১ জনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। আগে এলাকায় জানিয়ে বিদ্যুৎ লাইনের উপরের বাঁশ ও গাছের ডালপালা ছাঁটাই করতে বলেন। ঝড় বৃষ্টিতে বিদ্যুৎ বিভ্রাটে সকলকে ধৈর্য ধরার জন্য জনপ্রতিনিধিদের সহযোগিতা চান।</td><td>বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td></td></tr>
<tr><td>৩.১৯</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>উপজেলা শাখা ব্যবস্থাপক জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী উপজেলা পরিষদ সভায় তথ্য উপাত্তসহ কার্যপত্র দাখিলের অনুরোধ করা হলো।</td><td>শাখা ব্যবস্থাপক তার দপ্তরের কার্যক্রম গুরুত্ব সহকারে পরিচালনার বিষয়ে মতামত প্রদান করা হয়।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২০</td><td>পল্লী জীবিকায়ন প্রকল্প</td><td>উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা, কমলগঞ্জ জানান,
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিবরন</th><th>মাসে অর্জন</th><th>অর্থ বছরে</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>১</td><td>দল গঠন</td><td>১ টি</td><td>০৩টি</td><td>৩১</td></tr>
<tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>১৯</td><td>৪৭</td><td>৬১৮</td></tr>
<tr><td>৩</td><td>সঞ্চয় আদায়</td><td>১.৮৮</td><td>৭.৮৬</td><td>৩৩.৩০</td></tr>
<tr><td>৪</td><td>ক্ষুদ্র ঋণ বিতরন</td><td>৮.৭৫</td><td>৪৫.৯০</td><td>১৭৫.০৫</td></tr>
<tr><td>৫</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরন</td><td>৮.৭৫</td><td>৯১.০০</td><td>২৪৮.৭৫</td></tr>
<tr><td>৬</td><td>ক্ষুদ্র ঋণ আদায়</td><td>৩.০৮</td><td>৪০.০৬</td><td>১৩২.৩৪</td></tr>
<tr><td>৭</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়</td><td>৭.২৪</td><td>৭৩.৪৪</td><td>১৫৪.৪৩</td></tr>
<tr><td>৮</td><td>সুফলভোগীদের প্রশিক্ষন প্রদান</td><td>৪০</td><td>২৪০</td><td>৬৮০</td></tr>
<tr><td>০৯</td><td>জীবিকায়ন শিল্প পল্লী গঠন</td><td>-</td><td>-</td><td>০২</td></tr>
</table></td><td>বিধি মোতাবেক ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম সুষ্ঠু তদারকির মাধ্যমে চলমান রাখতে উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ)</td></tr>
<tr><td>৩.২১</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান, সদর দপ্তর কর্তৃক প্রেরিত সময়সূচি অনুযায়ী বিভিন্ন রকমের পেঁয়াজ, রসুন, মটর মুগডাল, অড়হড়, ছোলা, সয়াবিন, বেল, মাসিক কৃষি মজুরি, গম ফসলের আনুমানিক হিসাব, গম ফসলের মূল্য ও উৎপাদন জরিপ তথ্যপ্রদানসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান।</td><td>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২২</td><td>তথ্য কেন্দ্র</td><td>তথ্য সেবা কর্মকর্তা জানান, এপ্রিল/২০২৫ মাসে তথ্যকেন্দ্রে মোট সেবাগ্রহীতার সংখ্যা ৪৯ জন, ডোর টু ডোর এ মোট সেবাগ্রহীতার সংখ্যা ৬০০ জন, উঠান বৈঠকের সংখ্যা ০২ টি, উঠান বৈঠকে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ১০০ জন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা ০ জন, ভিডিও প্রদর্শন- ০টি।</td><td>সহযোগিতার মাধ্যমে সেবাগ্রহীতাদের সেবা নিশ্চিত করা ও ডোর টু ডোর সেবা প্রদান নিশ্চিত</td><td>তথ্য সেবা কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। উঠান বৈঠক ও ডোর-টু-ডোর সেবা কার্যক্রম চালিয়ে যাওয়া হচ্ছে। তথ্যকেন্দ্রে যারা আসছে তাদেরকে তথ্যকেন্দ্র ভিত্তিক সেবা ও প্রাথমিক স্বাস্থ্য সেবা হচ্ছে। উঠান বৈঠক গত মাসে হয়নি। এছাড়া বিভিন্ন ভাতার অনলাইন আবেদন চলমান রয়েছে। ভিজিডির অনলাইন আবেদনের জটিলতা নিরসন হলে আবেদন চলমান থাকবে।</td><td>করার জন্য তথ্য সেবা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td></td></tr>
<tr><td>৩.২৩</td><td>এডিপি-২০২৪-২০২৫</td><td>এডিপির কাজ বাস্তবায়ন নিয়ে সভায় আলোচনা করা হয়। নির্ধারিত সময়ে অর্থাৎ আগামী ১৫ জুন ২০২৫ তারিখের মধ্যে ১০০% বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়।</td><td>১৫ জুন ২০২৫ তারিখের মধ্যে ১০০% এডিপি বাস্তবায়ন নিশ্চিত করার জন্য উপজেলা প্রকৌশলী কে অনুরোধ করা হয়।</td><td></td></tr>
<tr><td>৩.২৪</td><td>বিভিন্ন রাজস্ব ব্যয়</td><td>উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত বিষয়ে ব্যয় নির্বাহের জন্য সভায় আলোচনা করা হয়।
<table>
<tr><th>বিষয়</th><th>মোট ব্যয়ের পরিমাণ</th><th>ব্যয়ের খাত</th></tr>
<tr><td>উপজেলা পরিষদের প্রশাসক কার্যালয়ের আইপিএস মেরামত ও ০১টি ব্যাটারী ক্রয়</td><td>২৪,৫০০/-</td><td>অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত</td></tr>
<tr><td>উপজেলা মডেল মসজিদ,কমলগঞ্জ এর ইমাম, মুয়াজ্জিন ও খাদেম নিয়োগের বিজ্ঞপ্তি আমার দেশ পত্রিকায় প্রকাশের দাখিলকৃত পত্রিকা বিল</td><td>৪১,৪০০/-</td><td>সংবাদপত্রের বিজ্ঞপ্তির খাত</td></tr>
</table></td><td>আলোচনান্তে উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে বরাদ্দ অনুযায়ী নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২৫</td><td>বিবিধ</td><td>ক) উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার বলেন, বন্যা পরিস্থিতিতে জরুরি ব্যবস্থা নেওয়া হয়েছে। বিভিন্ন নদীর বাধেঁর মেরামত করা হয়েছে। মোকাবিলে ৪০০ মি. বাঁধ নির্মাণ করা হয়েছে।</td><td>বন্যার আশংকায় যেসকল বাধঁ ঝুকিপূর্ণ রয়েছে সেগুলো চিহ্নিত করে জরুরি ভিত্তিতে টেকসই বাধঁ মেরমতের বিষয়ে উপ- সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, মৌলভীবাজারকে অনুরোধ করা হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার</td></tr>
</table>

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি অত্র সভায় গৃহীত সিদ্ধান্তের সঠিক বাস্তবায়ন নিশ্চিত করার পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৪/০৬/২০২৫

(মাখন চন্দ্র সূত্রধর)
প্রশাসক (উপজেলা নির্বাহী অফিসার)
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কমলগঞ্জ, মৌলভীবাজার।

স্মারক নং-০৫.৪৬.৫৮৫৬.০০২.০২.০৩৮.২২-৭০১(৪০)

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩২ / ০৪ জুন ২০২৫

অনুলিপি: সদয় অবগতির জন্য।

০১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৪) পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫) জেলা প্রশাসক, মৌলভীবাজার।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

০৬) উপজেলা.......................................কর্মকর্তা, কমলগঞ্জ, মৌলভীবাজার ।
০৭) চেয়ারম্যান,-------------------------------------- ইউ. পি. (সকল) কমলগঞ্জ, মৌলভীবাজার ।
০৮) জনাব/বেগম--------------------------------------

04/06/2025

(মাখন চন্দ্র সূত্রধর)
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।

মে/২০২৫ খ্রি: মাসের মাসিক সমন্বয় সভার হাজিরা

Date : ২৭/০৫/২০২৫

| ক্র নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মাখন চন্দ্র সূত্রধর ~~উপজেলা নির্বাহী~~ উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ সভা কমলগঞ্জ, | |
| ০২ | চেয়ারম্যান প্রতিনিধি ০১ নং রহিমপুর ইউপি | |
| ০৩ | চেয়ারম্যান ০২ নং পতনঊষার ইউপি | [signature] |
| ০৪ | চেয়ারম্যান ০৩ নং মুন্সিবাজার ইউপি | [signature] |
| ০৫ | চেয়ারম্যান প্রতিনিধি ০৪ নং শমশেরনগর ইউপি | |
| ০৬ | চেয়ারম্যান প্রতিনিধি ০৫ নং কমলগঞ্জ সদর ইউপি | [signature] |
| ০৭ | চেয়ারম্যান প্রতিনিধি ০৬ নং আলীনগর ইউপি | [signature] |
| ০৮ | চেয়ারম্যান ০৭ নং আদমপুর ইউপি | [signature] |
| ০৯ | চেয়ারম্যান প্রতিনিধি ০৮ নং মাধবপুর ইউপি | [signature] |
| ১০ | চেয়ারম্যান প্রতিনিধি ০৯ নং ইসলামপুর ইউপি | [signature] |

বিভাগীয় কর্মকর্তাবৃন্দের নাম ও পদবী

| | | |
|---|---|---|
| ১১. | ডা. মাহবুবুল আলম, UH&FPO | [signature] |
| ১২. | জীবন পাল, PIO | [signature] |
| ১৩ | মোঃ আব্দুর রাকিব (উপ-সহকারী প্রকৌশলী এলজিইডি) | [signature] ২৭/৫/২৫ |
| ১৪. | সচীন্দ্র কুমার সিংহ, উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | [signature] ২৭/০৫/২০২৫ |
| ১৫. | মুহিত মেহেদী, উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌ. কমলগঞ্জ | [signature] |

Date :

১৬ মোঃ মারুফ হোসাইন UFPO, কলমাকান্দা

১৭. মুহাম্মদ সাইফুল ইসলাম প্রতিনিধি, পল্লী বিদ্যুৎ ২১/৫/২৫

১৮. স্বর্ণালী সিনহা, তথ্যসেবা কর্মকর্তা. ২১/০৫/২৫

১৯ ইমরান আলী, [illegible], পরি.স. [illegible] অফিস

২০. মো: সাইদুর রহমান সিদ্দিকী, উ: মৎস্য অফিসার,

২১ মো: মালিক আহমদ ভূঁইয়া, উপজেলা সমবায় অফিসার.

22 মো: মুজাহিদুল ইসলাম BM/PSB

২৩. মো: মাহফুজুর রহমান. UDF, UGDP. LGD

২৪. মো: সেলিমউদ্দিন [illegible]

২৫. মো: হাবিবুর রহমান উপ: সহ: কৃ: অফিসার.

২৬. মো: সাইফুল ইসলাম [illegible]; সিনিয়র অফিসার

২৭. মধুছন্দা দাস, [illegible].

২৮. মাসুমুন নাহার, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা